# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

প্রশাসনিক ভবন

টেলিফোন: ০৮৮২৫৮৮৮৪৪৯৮১


তারিখ: ০৯/১২/২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

## পাবিপ্রবিতে ৫৮ জন গবেষককে নিয়ে প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

(০৯-১২-২০২৫): পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের রিসার্চ এন্ড টেকনোলজি ট্রান্সফার সেল কর্তৃক গবেষণার জন্য মনোনীত ৫৮ জন শিক্ষককে নিয়ে আজ মঙ্গলবার দিনব্যাপী 'ট্রেনিং অন পাবলিক প্রকিউরমেন্ট রুলস পিপিআর -২০২৫' শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ভার্চুয়াল ক্লাস রুমে সকালে প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য দেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম। রিসোর্স পার্সন হিসেবে কর্মশালা পরিচালনা করেন নেসকো রাজশাহীর প্রকিউরমেন্ট শাখার নির্বাহী প্রকৌশলী আনিসুর রহমান আমিন।

উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম বলেন, বিশ্ববিদ্যালয়ের পূর্ণতা হলো গবেষণা। বিশ্ববিদ্যালয় দাঁড়ায় গবেষণার উপর ভিত্তি করে। গবেষণার মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের আসল কাজ ছড়িয়ে পড়ে। সেই লক্ষ্যে বর্তমান প্রশাসন দায়িত্ব নিয়েই বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীদের গবেষণায় উৎসাহিত করার জন্য পাঁচটি গবেষণা সেল গঠন করেছে। রিসার্চ এন্ড টেকনোলজি ট্রান্সফার সেল এ লক্ষ্যে কাজ করে যাচ্ছে। তারই ধারাবাহিকতায় ৫৮ জন শিক্ষককে প্রথমবারের মতো গবেষণার জন্য মনোনীত করা হয়েছে। আমাদের সম্পদ সীমিত। ভবিষ্যতে গবেষকের সংখ্যা ও অর্থের পরিমান আরও বাড়বে। ফলে বিশ্ববিদ্যালয়ে গবেষণার আদর্শ পরিবেশ সৃষ্টি হবে। গবেষণা শেষে জার্নাল প্রকাশিত হবে। যোগ্যতার ভিত্তিতে আমাদের শিক্ষক- শিক্ষার্থীরা সারাবিশ্বে গবেষক হিসেবে দেশ ও জাতির জন্য কাজ করবেন।

উক্ত সেলের অতিরিক্ত পরিচালক ড. মো. তৌকির আহমেদের সঞ্চালনায় অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পরিচালক ড. মো. লোকমান আলী ।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে
বার্তা প্রেরক
স্বাক্ষরিত/-
০৯/১২/২০২৫
(মোঃ ফারুক হোসেন চৌধুরী)
অতিরিক্ত পরিচালক
জনসংযোগ দপ্তর
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।
মোবাইল নংঃ-০১৭১১৯৪২২১২
faruk_kantho@yahoo.com